

# বিকাশের স্তর ও প্রকারভেদ (Stages and Types of Development)

## অতিসংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

Marks 2

**প্রশ্ন 1. বৃদ্ধি কাকে বলে? (What is growth?)**

**উত্তর:** পরিমাণগতভাবে দেহের আয়তন, উচ্চতা ও ওজন বেড়ে যাওয়াকেই বৃদ্ধি বলে। আর্নল্ড জোন্স-এর মতে, দেহের উচ্চতা ও ওজন বেড়ে যাওয়াকে বৃদ্ধি বলে।

**প্রশ্ন 2. বৃদ্ধির নীতিগুলি কী? (What are the principles of growth?)**

**উত্তর:** বৃদ্ধির নীতিগুলি হল—(i) বংশধারা ও পরিবেশের মিথস্ক্রিয়ার ফলেই ঘটে। (ii) বিভিন্ন বয়সে বৃদ্ধির হার বিভিন্ন। (iii) বৃদ্ধির উপর অনুশীলনের প্রভাব দেখা যায়। (iv) বৃদ্ধির হারে ব্যক্তিগত পার্থক্য দেখা যায়। (v) একটা বয়স পর্যন্ত বৃদ্ধি নিরবচ্ছিন্ন ও ধারাবাহিক।

**প্রশ্ন 3. বৃদ্ধি ও বিকাশের পার্থক্য কী? (What are the differences between growth and development?)**

**উত্তর:** বৃদ্ধি ও বিকাশের মধ্যে পার্থক্য হল নিম্নরূপ—

| বৃদ্ধি | বিকাশ |
|---|---|
| 1. বৃদ্ধি হল আকার বা আয়তনের পরিবর্তন। | 1. বিকাশ হল আকৃতি ও ক্রিয়ার পরিবর্তন। |
| 2. বৃদ্ধি পরিমাপযোগ্য। | 2. বিকাশ পর্যবেক্ষণযোগ্য। |
| 3. বৃদ্ধির সমাপ্তি পরিণমনে। | 3. বিকাশ জীবনব্যাপী ব্যাপ্ত। |
| 4. সাধারণত দৈহিক পরিবর্তনকে বৃদ্ধি বলা হয়। | 4. বিকাশ বলতে দৈহিক, মানসিক, সামাজিক ইত্যাদি সব ধরনের পরিবর্তনকে বোঝায়। |
| 5. বৃদ্ধি পরিমাণগত পরিবর্তন। | 5. বিকাশ গুণগত পরিবর্তন। |



Scanned with CamScanner

**প্রশ্ন 4. বিকাশের 4টি বৈশিষ্ট্য উল্লেখ করো। (Mention any 4 characteristics of development.)**

**উত্তর :** শিশুর বিকাশের 4টি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল—(i) বিকাশ একটি ধারাবাহিক প্রক্রিয়া। (ii) বিকাশের বিভিন্ন ধারাগুলি পরস্পর সম্পর্কযুক্ত। (iii) বিকাশ শিশুর পরিণমন ও শিখনের উপর নির্ভরশীল। (iv) বিকাশের গতি সামগ্রিক দিক থেকে বিশেষের দিকে অগ্রসর হয়।

**প্রশ্ন 5. বিকাশের প্রধান নীতিগুলি উল্লেখ করো। (Mention the main principles of development.)**

**উত্তর :** ব্যক্তিভেদে বিকাশের পার্থক্য থাকলেও মোটামুটিভাবে সকলের ক্ষেত্রে বিকাশের নীতিগুলি নিম্নরূপ—(i) বিকাশ হল মিথস্ক্রিয়ার ফল। (ii) বিকাশ ধারাবাহিকভাবে হয়। (iii) বিকাশ নিরবচ্ছিন্ন প্রক্রিয়া। (iv) বিকাশ ব্যক্তিগত প্রক্রিয়া।

**প্রশ্ন 6. বিকাশ কী? (What is Development?)**

**উত্তর :** মানব-ব্যক্তির জীবনব্যাপী এক উন্নতিশীল সামগ্রিক পরিবর্তনের প্রক্রিয়াই হল বিকাশ। বিকাশের বিভিন্ন দিক পর্যবেক্ষণযোগ্য। বিকাশ হল গুণগত পরিবর্তন। অর্থাৎ বিকাশ কথাটির দ্বারা ব্যক্তির দৈহিক, মানসিক, সামাজিক ইত্যাদি সমস্ত দিকের পরিবর্তনকে বোঝানো হয়।

**প্রশ্ন 7. মানব বিকাশের বিভিন্ন স্তরগুলি কী? (What are the different stages of Human development?)**

**উত্তর :** নিষেকের সময় থেকে মৃত্যু পর্যন্ত ব্যক্তির যে আকৃতি ও ক্রিয়ার গুণগত পরিবর্তন বা বিকাশ ঘটতে থাকে তাকে 5টি স্তরে ভাগ করা হয়। এই 5টি স্তর হল—1. ভূমিষ্ঠপূর্ব বিকাশ, 2. শৈশব, 3. বাল্য, 4. কৈশোর এবং 5. প্রাপ্তবয়স্ক স্তরের বিকাশ।

**প্রশ্ন 8. শারীরিক বিকাশে কী কী অন্তর্ভুক্ত? (What are include in physical development?)**

**উত্তর :** দেহের আয়তন, উচ্চতা, ওজন, প্রতিটি অঙ্গপ্রত্যঙ্গ, পেশি, অস্থি, দেহের অভ্যন্তরস্থ বিবিধ কোশ, হৃৎপিণ্ড, যকৃৎ প্রভৃতি বেড়ে যাওয়ার পাশাপাশি তার ক্রিয়াশীলতা বৃদ্ধি পাওয়াকেই শারীরিক বিকাশ বলে।

**প্রশ্ন 9. বয়স উল্লেখসহ মানবজীবনে বিকাশের বিভিন্ন স্তরগুলি উল্লেখ করো। (Write the different stages of human development with age.)**

**উত্তর :** মানবজীবনে বিকাশের বিভিন্ন স্তর নিম্নরূপ—(i) জন্মপূর্ব: নিষেক থেকে 280 দিন। (ii) শৈশব: প্রথম 2 বছর। (iii) বাল্য: 2-11/12 বছর। (iv) কৈশোর: 11/12-19/20 বছর। (v) প্রাপ্তবয়স্ক: 19/20 থেকে আমৃত্যু।

Scanned with CamScanner

প্রশ্ন 10. বিকাশ প্রক্রিয়ার বিভিন্ন দিকগুলি কী? (What are the different aspects of development ?)

উত্তর : শিক্ষার উদ্দেশ্য ব্যক্তির সর্বাঙ্গীণ বিকাশসাধন। তাই বিকাশের বিভিন্ন দিকগুলি আলোচনা করা প্রয়োজন। বিকাশের বিভিন্ন দিকগুলি হল—দৈহিক বিকাশ, মানসিক বিকাশ, বৌদ্ধিক বিকাশ, অহংবোধের বিকাশ, প্রাক্ষোভিক বিকাশ, ভাষার বিকাশ, প্রজ্ঞামূলক বিকাশ, নৈতিক বিকাশ, সামাজিক বিকাশ ইত্যাদি।

প্রশ্ন 11. জৈবিক প্রতিক্রিয়া কী? (What is biological reaction ?)

উত্তর : পিয়াজেঁর মতে, জন্মের পর থেকেই শিশুর জন্মগতভাবেই প্রতিক্রিয়া করার ক্ষমতা থাকে। যেমন—চেষ্টা, তাকানো, কোনো কিছু ধরা, দেহ সঞ্চালন ইত্যাদি। এগুলিকেই জৈবিক প্রতিক্রিয়া বলে।

প্রশ্ন 12. জৈবিক সক্রিয়তা কী? (What is biological activity ?)

উত্তর : বেঁচে থাকা, বৃদ্ধি ও বিকাশের জন্য ব্যক্তি পরিবেশের সঙ্গে মানিয়ে চলতে সক্রিয় হওয়াকেই জৈবিক সক্রিয়তা বলে। নিজের অস্তিত্বকে বজায় রাখার জন্য ব্যক্তি তার প্রাকৃতিক এবং সামাজিক পরিবেশের সঙ্গে সর্বদাই মিথস্ক্রিয়া করে। একেই জৈবিক সক্রিয়তা বলা হয়।

প্রশ্ন 13. সামাজিক বিকাশ বলতে কী বোঝ? (What do you mean by social development ?)

উত্তর : সামাজিক বৈশিষ্ট্যসমূহের সার্থক উত্তরাধিকারী হওয়ার জন্য এবং সামাজিক রীতিনীতির অনুকূল আচরণধারার অধিকারী হওয়ার জন্য ব্যক্তিজীবনে যে বিকাশের ধারা সতত ক্রিয়াশীল, তাই হল সামাজিক বিকাশ।

প্রশ্ন 14. কৈশোরকালকে ক-টি ভাগে ভাগ করা হয়? (How many stages of Adolescence ?)

উত্তর : মনোবিদ্যার দিক থেকে 12 বছর থেকে 21 বছর পর্যন্ত সময়কে কৈশোর বলা হয়। মনোবিদগণ এই সময়কালকে দুটি ভাগে ভাগ করেছেন। এই দুটি ভাগ হল—1. প্রাথমিক কৈশোর 12 থেকে 14 বছর পর্যন্ত এবং 2. প্রান্তীয় কৈশোর 15 থেকে 18 বা 21 বছর পর্যন্ত।

প্রশ্ন 15. কৈশোরের বিভিন্ন প্রকার চাহিদাগুলি কী? (What are the different type of need of Adolescence?)

উত্তর : কৈশোর হল ব্যক্তি-জীবনের একটি বিশেষ বয়সকাল। এই সময়ে ব্যক্তির মধ্যে নতুন নতুন পরিবর্তনের সঙ্গে বিভিন্ন চাহিদারও সৃষ্টি হয়। এই চাহিদাগুলিকে মনোবিদগণ বিভিন্ন ভাগে ভাগ করেন। এই বিভিন্ন প্রকার চাহিদাগুলি হল—যৌন চাহিদা, স্বাধীনতার চাহিদা, সামাজিক চাহিদা, নিরাপত্তার চাহিদা, নীতিবোধের চাহিদা, জীবন দর্শনের চাহিদা এবং দুঃসাহসিক অভিযানের চাহিদা।

Scanned with CamScanner

**প্রশ্ন 16. Cognition শব্দটির অর্থ কী? (What is meant by Cognition ?)**

**উত্তর :** মনোবিজ্ঞানে Cognition শব্দটির অর্থ হল 'The process by which knowledge and understanding is developed in the mind' অর্থাৎ যে প্রক্রিয়ার দ্বারা মানুষের মনে জ্ঞান ও বোধের বিকাশ ঘটে তাকেই Cognition বা জ্ঞানলাভের প্রক্রিয়া বলে।

**প্রশ্ন 17. নৈতিকতার অর্থ কী? (What is the meaning of morality ?)**

**উত্তর :** নৈতিকতা একটি আপেক্ষিক ধারণা, তাই সহজে বা এককথায় এর ব্যাখ্যা দেওয়া সহজ নয়। বলা যায়, ব্যক্তির নিজস্ব সমাজে প্রচলিত নিয়মাবলি ও আচরণাবলি মেনে চলার প্রবণতাই হল নৈতিকতা। এই নিয়মের মধ্যে সমাজ অধিবাসীর ভালো মন্দ, ন্যায়-অন্যায়, সততা-অসততা ইত্যাদি জড়িত। তবে মনে রাখতে হবে এক সমাজের নৈতিকতা অন্য সমাজের থেকে ভিন্ন হতে পারে।

**প্রশ্ন 18. শিশুদের নৈতিক আচরণ কোন্ কোন্ বিষয় দ্বারা প্রভাবিত হয়? (Which matter influences moral behaviour of children ?)**

**উত্তর :** শিশুদের বিকাশের বিভিন্ন স্তর অনুযায়ী তাদের নৈতিক আচরণ বিভিন্ন বিষয়ের দ্বারা প্রভাবিত হয়। যেমন—4-10 বছর বয়সের শিশুদের নৈতিক আচরণ প্রভাবিত হয় প্রধানত বড়োদের অনুশাসনের দ্বারা। 10-13 বছর বয়সে শিশুদের নৈতিক আচরণ প্রভাবিত হয় ভালোমন্দ বিষয় সম্পর্কে সমাজে প্রচলিত ধ্যানধারণার দ্বারা। আর 13 বছর বয়স থেকে পরবর্তীকালে শিশুদের নৈতিক আচরণ প্রভাবিত হয় তাদের বিচারবুদ্ধি ও বিবেকের দ্বারা।

**প্রশ্ন 19. শিশু তার পরিবার থেকে কীভাবে নৈতিকতা শিখতে পারে? (How a child learns morality from his family ?)**

**উত্তর :** শিশুর পরিবারের বয়স্ক অভিভাবকদের আচার-আচরণ অনুকরণের মাধ্যমে শিশুর মধ্যে নৈতিকতা বোধ জাগ্রত হয়। তাই পরিবারের সদস্যগণ আদর্শ ও নৈতিক জীবনযাপনের মাধ্যমে শিশুর মধ্যে নৈতিকতা জাগ্রত করতে পারেন।

**প্রশ্ন 20. শিশুদের নৈতিক বিকাশের জন্য বিদ্যালয়ের কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন কয়েকটি কাজের নাম লেখো। (Write the name of some activities that can be included in this school programme for the moral development of the children.)**

**উত্তর :** শিশুদের নৈতিক বিকাশের জন্য বিদ্যালয়ের কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে, এমন কয়েকটি কাজ হল: (i) বিদ্যালয়ে প্রতিদিন প্রার্থনা সভার ব্যবস্থা করা। (ii) মহাপুরুষদের জীবনী আলোচনা, তাঁদের জন্মদিন পালন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ জাতীয় দিবস উদ্‌যাপন। (iii) বিভিন্ন সেবামূলক কাজে ছাত্রছাত্রীদের অংশগ্রহণ করা। (iv) বিদ্যালয় শৃঙ্খলা মেনে চলা। (v) শিক্ষামূলক ভ্রমণ, বিভিন্ন সহপাঠক্রমিক কার্যাবলির ব্যবস্থা করা ইত্যাদি।

Scanned with CamScanner

**প্রশ্ন 21. মনো-সামাজিক তত্ত্বের প্রবক্তা কে? (Who is the founder of Psycho-social Development ?)**

**উত্তর :** মনো-সামাজিক তত্ত্বের প্রবক্তা *Erik Erikson*। তিনি প্রখ্যাত জার্মান মনোবিদ সিগমুন্ড ফ্রয়েড-এর অনুগামী ছিলেন। তবে তিনি ফ্রয়েডের মনোসমীক্ষণ তত্ত্বের লিবিডোর অতি যৌনতার ভূমিকাকে স্বীকার করেননি।

**প্রশ্ন 22. সমাজ প্রজ্ঞামূলক শিখন বলতে কী বোঝ? (What do you mean by Social Cognition ?)**

**উত্তর :** বান্দুরার মতানুসারে সমাজ প্রজ্ঞামূলক শিখনের অর্থ হল পারিপার্শ্বিক ব্যক্তি, বস্তু, ঘটনা ইত্যাদির উপযুক্ত পর্যবেক্ষণের মাধ্যমে লব্ধ তথ্যের ভিত্তিতে আচরণের পরিবর্তন বা আচরণের উপর অর্জিত তথ্যের প্রভাব।

**প্রশ্ন 23. কৈশোরকালে কীরূপ যৌন সমস্যা দেখা দিতে পারে? (What type of sexual problems are arises in Adolescence ?)**

**উত্তর :** কৈশোরকালে যে সমস্ত চাহিদা দেখা দেয় তার মধ্যে অন্যতম হল যৌন চাহিদা। এই সময় ব্যক্তি বিপরীত লিঙ্গের সঙ্গে মিশতে চায়। কিন্তু, বয়স্কদের তিরস্কারের ভয়ে তা করতে সংকোচ করে। ফলে সমস্যা দেখা দেয়। ব্যক্তি বিভিন্ন যৌন পরিবর্তন সম্পর্কে জানতে চায়। কিন্তু সমাজের নিয়ন্ত্রণের ফলে প্রকাশ করতে পারে না এবং তা অবদমিত করে। ফলে তারা পরিবেশের সঙ্গে সার্থকভাবে অভিযোজন করতে পারে না। তাই যৌনজীবন তাদের কাছে সমস্যাবহুল হয়ে পড়ে।

**প্রশ্ন 24. বৌদ্ধিক বিকাশ বলতে কী বোঝায়? (What is intelligency development ?)**

**উত্তর :** শিশুদের জন্মের পর থেকে বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে তারা প্রকৃতি, বাবা-মা, আত্মীয়স্বজন, প্রতিবেশী, বন্ধু, শিক্ষক প্রমুখের কাছ থেকে বিভিন্ন অভিজ্ঞতা লাভ করে এবং এর ফলে তাদের মধ্যে ধীরে ধীরে চিন্তাভাবনা, কল্পনা ইত্যাদি গড়ে উঠতে শুরু করে। এই বিকাশকেই বৌদ্ধিক বিকাশ বলে। পিয়াজেঁর মতে, জ্ঞানমূলক সংগঠনের একক স্কিমার বিস্তারই হল বৌদ্ধিক বিকাশ।

**প্রশ্ন 25. সামাজিকীভবন বলতে কী বোঝ? (What is socialisation ?)**

**উত্তর :** সমাজের রীতিনীতি, প্রথা, সংস্কৃতি, আদর্শ, মূল্যবোধ প্রভৃতি আত্তীকরণকে সামাজিকীভবন বলে। পরিবার, বিদ্যালয়, ক্লাব, ধর্মীয় প্রতিষ্ঠান প্রভৃতি সামাজিক সংস্থাগুলি শিশুর সামাজিকীভবনে বিশেষ ভূমিকা গ্রহণ করে। শিশুর সামাজিকীকরণে রেডিয়ো, দূরদর্শন, যাত্রা, নাটক ইত্যাদির ভূমিকাও গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন 26. ভাষা কীভাবে সামাজিক বিকাশে সাহায্য করে? (How language helps to social development ?)**

**উত্তর :** ভাষা হল ভাব বিনিময়ের মাধ্যম। সমাজের সঙ্গে পরিচিত হতে গেলে প্রয়োজন ভাব বিনিময়ের। প্রকৃতপক্ষে, সামাজিক বিকাশে সামাজিক যোগাযোগ

Scanned with CamScanner

অপরিহার্য। আর সামাজিক যোগাযোগের মাধ্যম হল ভাষা। তাই সামাজিক বিকাশের ক্ষেত্রে ভাষা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন 27. বিদ্যালয় কীভাবে সামাজিক বিকাশে সাহায্য করে? (How a school helps to social development ?)**

**উত্তর :** পাঠক্রমিক এবং সহপাঠক্রমিক কর্মসূচির মাধ্যমে সামাজিক বিকাশে বিদ্যালয় সাহায্য করে। একদিকে যেমন—সমাজের রীতিনীতি, প্রথা, আদর্শ, মূল্যবোধ সম্পর্কে তাত্ত্বিক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীদের সচেতন করে, অন্যদিকে বিভিন্ন সহপাঠক্রমিক কর্মসূচিতে অংশগ্রহণের মধ্য দিয়ে শিক্ষার্থী সমাজের নিয়মকানুন, প্রথা, আদর্শ ও মূল্যবোধ ইত্যাদি সম্পর্কে ব্যাবহারিক জ্ঞান অর্জন করে।

**প্রশ্ন 28. প্রাথমিক শিক্ষাস্তরে সামাজিক বৈশিষ্ট্যগুলি কী? (What are social characteristics in the stage of primary education ?)**

**উত্তর :** (i) প্রাথমিক শিক্ষাস্তরে অর্থাৎ 6-9 বছর বয়সের শিশুদের মধ্যে ধীরে ধীরে বন্ধুবান্ধব, বিদ্যালয়, শিক্ষক প্রভৃতির মধ্যে সামাজিক বন্ধন তৈরি হয়। (ii) সমবয়সিদের নিয়ে গ্যাং বা দল তৈরি করে। (iii) বয়স্কদের আরোপিত শৃঙ্খলা অনেক সময় মানতে চায় না। (iv) নিজ নিজ দলের প্রতি একনিষ্ঠ হয়।

**প্রশ্ন 29. সামাজিক বিকাশের ক্ষেত্রে শিক্ষকের ভূমিকা কী? (What is the role of a teacher for Social development ?)**

**উত্তর :** সামাজিক বিকাশের ক্ষেত্রে শিক্ষকের ভূমিকা হল—(i) বিদ্যালয়ে উপযুক্ত পরিবেশে, নিরাপত্তা, স্বাধীনতা, খেলাধুলা এবং সাংস্কৃতিক কার্যাবলিতে অংশগ্রহণের সুযোগ করতে হবে। (ii) শিক্ষার্থীদের মর্যাদা, গণতান্ত্রিক পরিবেশ, বঞ্চিত 'গ্যাং' গঠন, সামাজিক পরিসেবামূলক কাজ সংগঠিত করতে হবে।

**প্রশ্ন 30. মানসিক বিকাশের সঙ্গে সামাজিক বিকাশের সম্পর্ক কী? (What is relation between mental development and social development ?)**

**উত্তর :** সামাজিক বিকাশের সঙ্গে শারীরিক, মানসিক, প্রাক্ষোভিক বিকাশের সম্পর্ক দেখা যায়। বিভিন্ন সমীক্ষায় সামাজিক বিকাশের সঙ্গে বুদ্ধি অর্থাৎ মানসিক বিকাশের ধনাত্মক (Positive) সম্পর্ক দেখা গেছে। কারণ হিসেবে বলা হয়েছে উন্নত বুদ্ধিসম্পন্ন ব্যক্তি সুস্থ সামাজিক আচরণের প্রয়োজনীয়তা বুঝতে পারে।

**প্রশ্ন 31. অর্থনৈতিক পরিবেশের সঙ্গে সামাজিক পরিবেশ কীভাবে সম্পর্কিত? (How Social environment related to economical environment ?)**

**উত্তর :** অর্থনৈতিক পরিবেশের সঙ্গে সামাজিক পরিবেশের সহায়ক বিভিন্ন রকমের সুযোগসুবিধা যেমন—উন্নত মানের ভোগ্যপণ্য, উন্নত বিনোদন ব্যবস্থা, উন্নত মানের শিক্ষা ইত্যাদির সম্পর্ক গভীর। এর জন্য যথেষ্ট অর্থের প্রয়োজন। বিপরীতভাবে বলা যায় অনুন্নত বা পিছিয়ে পড়া অর্থনীতির পক্ষে উন্নত সামাজিক পরিবেশ সৃষ্টি করা সম্ভব নয়।



Scanned with CamScanner

**প্রশ্ন 57. ভাষার বিকাশ প্রক্রিয়া সম্পর্কে শিক্ষকের জ্ঞান থাকা প্রয়োজন কেন? (Why should a teacher need to know the process of Language Development ?)**

**উত্তর :** ভাষাই হল যোগাযোগের সর্বাপেক্ষা উন্নত মাধ্যম। তাই শিশুর অন্যান্য বিকাশের পাশাপাশি ভাষার বিকাশও যাতে যথাযথ হয় সেদিকে শিক্ষকের লক্ষ রাখা উচিত। ভাষার বিকাশের হার সম্পর্কে সঠিক ধারণা না থাকলে শিক্ষক এক্ষেত্রে শিশুকে সহায়তা করতে পারবেন না। এ ছাড়া ভাষার বিকাশের জন্য উপযুক্ত পরিবেশ রচনা করাও শিক্ষকের দায়িত্ব। ভাষার বিকাশে বেশ ত্রুটি বা অসংলগ্নতা দেখা দিলে তা দূর করে সঠিকভাবে শিশুকে সহায়তা করার জন্য শিক্ষকের ভাষার বিকাশ প্রক্রিয়া সম্পর্কে ধারণা থাকা উচিত।

**প্রশ্ন 58. ভাষা ও বচনের মধ্যে পার্থক্য কী? (What is the difference between Speech and Language ?)**

**উত্তর :** ভাষা বলতে বোঝায় যোগাযোগের সমস্ত মাধ্যম যেমন—লিখন, পঠন, মূকাভিনয়, মুখভঙ্গি, সৃজনশীল শিল্পকর্ম ইত্যাদি। অপরদিকে বচন হল চিন্তাভাবনা প্রকাশের মাধ্যম। বচন হল ভাষার একটি রূপ যেখানে যোগাযোগকে অর্থপূর্ণ করার লক্ষ্যে ধ্বনি সৃষ্টি বা শব্দের উচ্চারণ করা হয়। বচনের পরিধি ভাষার পরিধি অপেক্ষা সংকীর্ণ।

**প্রশ্ন 59. রূপমূল কী? (What is Morpheme ?)**

**উত্তর :** অর্থসহ ভাষার ক্ষুদ্রতম একককে Morpheme বলে। Morpheme পুরো শব্দ বা বাক্যাংশ হতে পারে। শিক্ষার্থীর ভাষার বিকাশে Morpheme খুবই গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন 60. পিয়াজেঁর জ্ঞানমূলক বিকাশ কী? (What is Cognitive development of Piaget ?)**

**উত্তর :** সুইস চিন্তাবিদ জ্যাঁ পিয়াজেঁর মতে, মানুষের অভ্যন্তরীণ স্কিমটা হল ধারণা গঠনের ক্ষমতা। এটি আমাদের অনুভূতিকে অর্থপূর্ণ করে তোলে। তিনি এগুলিকে জ্ঞানের মূল উপাদান বলেছেন। তাঁর মতে, ব্যক্তির নিজস্ব সংগঠন ও পরিবেশের উদ্দীপনার মধ্যে পারস্পরিক ক্রিয়ার ফলে ব্যক্তিজীবনের জ্ঞানমূলক বিকাশ ঘটে থাকে।

**প্রশ্ন 61. পিয়াজেঁর মতে, জৈবিক সক্রিয়তার পরস্পর বিপরীতধর্মী নীতিগুলি কী? (What are the mutually contradictory principles of Biological adaptation according to Piaget ?)**

**উত্তর :** পিয়াজেঁর মতে, স্বতঃস্ফূর্ত সক্রিয়তার মাধ্যমে শিশুর জীবন বিকাশের দুটি পরস্পর বিপরীতধর্মী উপাদান রয়েছে। এই দুটি উপাদান হল আত্তীকরণ (Assimilation) এবং সহযোজন (Adaptation)।

Scanned with CamScanner

**প্রশ্ন 62. পিয়াজেঁর মতে, মানুষের জন্মগত দুটি বৈশিষ্ট্য কী? (What are the two hereditary character of human being according to Piaget ?)**

**উত্তর :** পিয়াজেঁ জন্মগতভাবে মানুষের দুটি বৈশিষ্ট্য থাকার কথা বলেছেন। প্রথমত, মানুষের কতকগুলি তাৎক্ষণিক প্রতিক্রিয়া করার ক্ষমতা থাকে। এগুলি বংশগতি থেকে প্রাপ্ত জৈবিক প্রতিক্রিয়া। দ্বিতীয়ত, শিশু স্বাভাবিকভাবেই সক্রিয় থাকে, তাই সে স্বতঃস্ফূর্তভাবে পরিবেশের সঙ্গে মোকাবিলা করতে পারে।

**প্রশ্ন 63. পিয়াজেঁর তত্ত্বের শিক্ষামূলক তাৎপর্য কী? (What is the Educational importance of Piaget's theory ?)**

**উত্তর :** পিয়াজেঁ শিক্ষার্থীদের সক্রিয় চিন্তনের মাধ্যমে জীবন বিকাশের কথা বলেছেন। এর থেকে শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীকে সক্রিয় করার প্রয়োজনীয়তা উপলব্ধি করা যায়। তাঁর তত্ত্ব থেকে এটা উপলব্ধি করা যায় যে, শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীকে দৈহিকভাবে সক্রিয় করে তোলার ব্যাপারে মানসিক দিক থেকেও সক্রিয় করে তুলতে হবে। পিয়াজেঁর তত্ত্ব থেকে একথা প্রতিপন্ন হয় যে, শিশুর শিখনকে কার্যকারী করতে হলে তার জীবন বিকাশের স্তরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিষয়বস্তু পাঠক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। তাঁর তত্ত্ব থেকে আধুনিক যুগের অনেক শিখন মডেল গড়ে উঠেছে। এক কথায় পিয়াজেঁর তত্ত্ব শিক্ষাতত্ত্বের ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ।

**প্রশ্ন 64. পিয়াজেঁ বর্ণিত বৌদ্ধিক বিকাশের স্তরগুলি কী? (What are the stages of cognitive development by Piaget ?)**

**উত্তর :** পিয়াজেঁ মনে করেন যে, জন্মের পর শিশুর বৌদ্ধিক বিকাশ ঘটে প্রধানত 4টি স্তরের মধ্যে দিয়ে। যথা—

(i) সংবেদন সঞ্চালনের স্তর (Sensory Motor Stage): 0-2 বছর।

(ii) প্রাক্-সক্রিয়তার স্তর (Pre-operational Stage): 2-7 বছর।

(iii) মূর্ত সক্রিয়তার স্তর (Concrete operational Stage): 7-11 বছর।

(iv) প্রথাগত সক্রিয়তার স্তর (Formal Operational Stage): 11 বছরের উর্ধ্বে।

এই স্তরগুলির প্রতিটিতে শিশুর জ্ঞানলাভের প্রক্রিয়ার কতকগুলি বৈশিষ্ট্য থাকে। এই প্রক্রিয়াকেই জ্ঞানমূলক বিকাশ বলা হয়।

**প্রশ্ন 65. প্রাক্-ধারণামূলক স্তর বলতে কী বোঝায়? (What is Pre-conceptual stage?)**

**উত্তর :** 24 মাস বয়সের পর শিশু যে প্রতিক্রিয়াগুলি সৃষ্টি করে তার সংবেদন ও ক্রিয়াগত প্রতিচ্ছবি সে মনে সৃষ্টি করতে পারে এবং এগুলি ধরে রাখতে পারে, কিন্তু এগুলিকে ধারণা বলা যায় না। পিয়াজেঁ এই স্তরকে প্রাক্-ধারণামূলক স্তর বলেছেন।

Scanned with CamScanner

প্রশ্ন 135. **প্রাক্ষোভিক বিকাশের ক্ষেত্রে শিক্ষার ভূমিকা কী? (What is the role of education for motivational development ?)**

**উত্তর :** প্রাক্ষোভিক বিকাশে শিক্ষার ভূমিকা তিন দিক থেকে বিচার করা হয়।

(ক) বাঞ্ছিত প্রক্ষোভগুলির বিকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(খ) অবাঞ্ছিত প্রক্ষোভগুলিকে নিয়ন্ত্রণ এবং সেগুলিকে সুস্থ পথে চালিত করা।

(গ) সমস্ত পাঠক্রমিক ও সহপাঠক্রমিক কার্যসূচিতে প্রক্ষোভকে যুক্ত করা।

প্রশ্ন 136. **প্রাক্ষোভিক বিকাশের ক্ষেত্রে শিক্ষকের ভূমিকা কী? (What is the role of teacher's to motivation development ?)**

**উত্তর :** প্রাক্ষোভিক বিকাশের ক্ষেত্রে শিক্ষকের ভূমিকা হল—

(ক) প্রক্ষোভের সুস্থ বহিঃপ্রকাশের পরিবেশ সৃষ্টি করতে হবে।

(খ) বাঞ্ছিত প্রক্ষোভগুলিকে উৎসাহিত করতে হবে।

(গ) খেলাধুলায় অংশগ্রহণের মধ্য দিয়ে অবদমিত প্রক্ষোভগুলির বহিঃপ্রকাশের ব্যবস্থা করতে হবে।

(ঘ) অবাঞ্ছিত প্রক্ষোভগুলিকে অন্যদিকে সঞ্চালিত করতে হবে।

(ঙ) প্রক্ষোভ শক্তিকে সমাজ সমর্থিত কাজে ব্যবহার করতে হবে।

প্রশ্ন 137. **প্রাথমিক স্তরের শিশুদের প্রাক্ষোভিক বৈশিষ্ট্যগুলি কী? (What are motivational characteristics for the primary stage of children ?)**

**উত্তর :** প্রাথমিক শিক্ষা স্তরে প্রাক্ষোভিক বিকাশের বৈশিষ্ট্যগুলি হল—

(ক) প্রাথমিক শিক্ষা স্তরে প্রক্ষোভ নিয়ন্ত্রণ করার ক্ষমতা দেখা যায়।

(খ) প্রক্ষোভগুলি নির্দিষ্ট রূপ পায়।

(গ) প্রক্ষোভ প্রকাশে বস্তু, পরিস্থিতির উপস্থিতি অপরিহার্য নয়।

(ঘ) শৈশবকালের জন্তু থেকে ভীতি, উচ্চস্থান সম্পর্কে ভীতি ইত্যাদি দূর হয়।

(ঙ) অবহেলা, পরিহাস, ক্রোধের কারণ হয়।

(চ) আনন্দ, ভালোবাসা, কৌতূহল ইত্যাদি অধিক দেখা যায়।

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর — Marks 5

প্রশ্ন 1. **বৃদ্ধি ও বিকাশের সম্পর্ক আলোচনা করো। (Discuss about the relation between Growth and Development.)**

**উত্তর :** জীবনে প্রতি মুহূর্তে ব্যক্তির মধ্যে পরিবর্তন হচ্ছে এবং এই পরিবর্তনের প্রক্রিয়া মানুষের জীবনে বিভিন্ন রূপ ধারণ করে। যেমন—বৃদ্ধি-বিকাশ-পরিণমন ইত্যাদি। তাই বৃদ্ধি ও বিকাশকে অনেকে একই অর্থে ব্যবহার করে থাকেন। কিন্তু তাৎপর্যগত দিক থেকে বৃদ্ধি এবং বিকাশের প্রক্রিয়ার মধ্যে পার্থক্য আছে। দুটি প্রক্রিয়াই ব্যক্তির জীবনে পরিবর্তন আনতে সক্ষম। বৃদ্ধি বলতে আমরা শুধুমাত্র শারীরিক আকার বা আয়তনের পরিবর্তনকে বুঝি। আর বিকাশ বলতে বিশেষ বিশেষভাবে মানসিক শক্তির ক্রমবৃদ্ধি এবং

Scanned with CamScanner